"গ্যাস জাতীয় সম্পদ। এর অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন।"

"বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
Bangladesh Gas Fields Company Ltd.
(A Company of Petrobangla)

প্রত্যয়নপত্র

২০২২-২৩অর্থবছরে পেট্রোবাংলার সাথে বিজিএফসিএল এর স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কর্মসম্পাদনের ক্ষেত্র '[৪] জ্বালানিরউৎপাদনবৃদ্ধির লক্ষ্যে খনন, ওয়ার্কওভার ও সার্ভে কার্যক্রম' এর আওতায়কার্যক্রম'[৪.২] খনন ও ওয়ার্কওভারকার্যক্রম' এর অন্তর্ভুক্ত কর্মসম্পাদন সূচক '[৪.২.১] ৪টি কূপ খনন ও ৭টিকূপ ওয়ার্কওভারের লক্ষ্যে ডিপিপি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনকৃত/পরিকল্পনা কমিশনে প্রেরিত' এর প্রেক্ষিতে প্রত্যয়ন করা যাচ্ছে যে, ২০-০৪-২০২২ তারিখে অনুষ্ঠিত বিজিএফসিএল বোর্ড ও ২৩-০৬-২০২২ তারিখে অনুষ্ঠিত পেট্রোবাংলা বোর্ডের সুপারিশক্রমে ডিপিপি ০২-০৮-২০২২ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে অর্থ মন্ত্রণালয়ের ছাড়পত্র সংগ্রহের জন্য ডিপিপিসহ প্রয়োজনীয় তথ্যাদি অর্থ বিভাগে ২৯-০৮-২০২২ তারিখে প্রেরণ করা হয়।পরবর্তীতে প্রকল্পের আওতায় মালামাল সংগ্রহের দরপত্র-দলিল ২৮-১১-২০২২ তারিখে অনুষ্ঠিত বিজিএফসিএল বোর্ড সভায় উত্থাপন করা হলে বোর্ড ৪টি কূপ খনন জিওবি অর্থায়নে এবং ৭টি কূপ ওয়ার্কওভার জিডিএফ অর্থায়নে বাস্তবায়ন বিবেচনায় পৃথক প্রকল্প গ্রহণের বিষয়ে নির্দেশনা প্রদান করে। ফলে ২টি আলাদা প্রকল্প হিসেবে প্রথম হতে সকল কার্যক্রম শুরু করতে হয়। বিজিএফসিএল বোর্ডের সিদ্ধান্তানুযায়ী জিডিএফ অর্থায়নে ৭টি কূপের ওয়ার্কওভার প্রকল্পের ডিপিপি'র অনুমোদন প্রক্রিয়াকরণ বছরের মাঝামাঝি এসে নতুনভাবে শুরু করবার কারণে জুন ২০২৩ এর মধ্যে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হয়নি। এছাড়া জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ৭টি কূপের ওয়ার্কওভার সংশ্লিষ্ট প্রকল্পটির সম্ভাব্যতা সমীক্ষা তৃতীয় পক্ষের মাধ্যমে সম্পাদন, বিজিএফসিএল বোর্ড সভায় ডিপিপি'র পরবর্তী প্রক্রিয়াকরণ অনুমোদন, জিডিএফ অর্থায়নে বাস্তবায়নযোগ্য প্রকল্পের বাছাই কমিটি ও জিডিএফ তহবিল ব্যবস্থাপনা কমিটির সুপারিশক্রমে জিডিএফ হতে প্রকল্পের অনুকুলে অর্থ যোগান নিশ্চিতের পর জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে জিডিএফ অগ্রাধিকার তালিকায় আলোচ্য প্রকল্পটির অন্তর্ভুক্তি, পেট্রোবাংলার বোর্ডে ডিপিপি'র অনুমোদনপূর্বক অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ হতে প্রকল্পের বিপরীতে Liquidity Certificate ইস্যু শেষে আলোচ্য প্রকল্পটির ডিপিপি অনুমোদন প্রক্রিয়া বেশ সময় সাপেক্ষ ব্যাপার। বিজিএফসিএল এর নিয়ন্ত্রণ বহির্ভুতভাবে কার্যক্রম পরিবর্তিত হওয়া এবং নতুন প্রকল্প হিসেবে প্রাথমিক পর্যায় থেকে কাজ শুরু করার জন্য এই কার্যক্রমের নম্বর প্রাপ্য।

২৭/০৭/২০২৩

মোঃ আব্দুস সুলতান
ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোং লিঃ
বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া।

Head Office : Birashar, Brahmanbaria-3400, Bangladesh, **Tel : PABX :** 88-0851-58141, 58428 & 59128, **Fax :** 88-0851-59390
Liaison Office : Petrocentre (14th Floor), 3 Kawran Bazar C/A, Dhaka-1215, **Tel :** 88-02-8189508, **Fax :** 88-02-8189507
Website : www.bgfcl.org.bd, **E-mail :** md@bgfcl.org.bd & mdbgfcl@yahoo.com

সংযুক্তি-১

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

ব্রাহ্মণবাড়িয়া-৩৪০০

ভার্চ্যুয়াল প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ২০ এপ্রিল ২০২২ (০৭ বৈশাখ ১৪২৯), বুধবার, বেলা ০২ : ০০ ঘটিকায় অনুষ্ঠিত বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড-এর পরিচালকমন্ডলীর ৬৮৬তম সভার কার্যবিবরণী।

উপস্থিত

চেয়ারম্যান	:	জনাব মোঃ মাহবুব হোসেন সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
পরিচালক	:	জনাব মোঃ জাহাঙ্গীর আলম অতিরিক্ত সচিব (অপারেশন) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
	:	জনাব মোঃ আঃ খালেক মল্লিক অতিরিক্ত সচিব (প্রশাসন) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
	:	জনাব এ কে এম বেনজামিন রিয়াজী পরিচালক (অর্থ), পেট্রোবাংলা, ঢাকা।
	:	জনাব মোছাম্মৎ ফারহানা রহমান উপসচিব (প্রশাসন-২) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
	:	জনাব মুকতাদির আজিজ প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব (উপসচিব), ঢাকা।
	:	জনাব শাকিল আহমেদ উপসচিব (উন্নয়ন-২) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
	:	জনাব মোঃ শোয়েব ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া।
সচিব	:	জনাব মোঃ হাবীবুর রহমান কোম্পানি সচিব, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া।

৭৯০৬ **স্বাগত এবং ধন্যবাদ জ্ঞাপন।**

৬৮৬/২০২২ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অফিস আদেশ নং-২৮.০০.০০০০.০২১.১৯.০০২.১৮.১৬৮(১), তারিখ: ০৩ এপ্রিল ২০২২ এর মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মোঃ আঃ খালেক মল্লিক-কে বিজিএফসিএল পরিচালনা পর্ষদে পরিচালক পদে মনোনয়ন প্রদান করায় সভার প্রারম্ভে পর্ষদের পক্ষ থেকে তাঁকে স্বাগত জানানো হয় এবং আশা প্রকাশ করা হয় যে, পরিচালনা পর্ষদের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনায় তিনি যথাযথ অবদান রাখবেন। নবনিযুক্ত পরিচালক জনাব মোঃ আঃ খালেক মল্লিক সভার কার্যক্রম পরিচালনায় সর্বাত্মক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

৭৯০৭ **ছুটি মঞ্জুর।**

৬৮৬/২০২২ পরিচালক জনাব আলী ইকবাল মোঃ নূরুল্লাহ্ বৈদেশিক প্রশিক্ষণে থাকায় সভায় উপস্থিত হতে পারেননি বিধায় তাঁর ছুটি মঞ্জুর করা হয়।

৭৯১১ "তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ, মেঘনা ও কামতা ফিল্ডে ৪টি কূপ খনন এবং ৭টি কূপ ওয়ার্কওভার' শীর্ষক প্রকল্পের
৬৮৬/২০২২ প্রস্তাবিত পুনর্গঠিত ডিপিপি বিবেচনা এবং পরবর্তী প্রক্রিয়াকরণ অনুমোদন।

ক) উপস্থাপনকারী : মহাব্যবস্থাপক (পরিঃ ও উন্নয়ন)।

"তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ, মেঘনা ও কামতা ফিল্ডে ৪টি কূপ খনন এবং ৭টি কূপ ওয়ার্কওভার' শীর্ষক প্রকল্পের প্রস্তাবিত পুনর্গঠিত ডিপিপি বিবেচনা এবং পরবর্তী প্রক্রিয়াকরণের বিষয়টি পরিচালনা পর্ষদের সদয় বিবেচনা ও প্রত্যাশা অনুমোদনের জন্য পেশ করা হয়।

খ) আলোচনাঃ

আলোচনাকালে সভাকে অবহিত করা হয় যে, জিডিএফ ও কোম্পানির অবচয় তহবিল হতে অর্থায়ন বিবেচনা করে বৈদেশিক মুদ্রায় ১০২৪৩০.০০ লক্ষ টাকাসহ মোট ১৭০০০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় এবং বাস্তবায়ন মেয়াদ জুলাই ২০২২ হতে জুন ২০২৬ পর্যন্ত ধরে "তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ, মেঘনা ও কামতা ফিল্ডে ৪টি কূপ খনন এবং ৭টি কূপ ওয়ার্কওভার" শীর্ষক প্রকল্পের খসড়া ডিপিপি গত ২৩.০২.২০২২ তারিখে অনুষ্ঠিত বিজিএফসিএল এর ৬৮৪তম পর্ষদ সভায় উপস্থাপন করা হয়। সভায় ডিপিপি'র ব্যয় প্রাক্কলনসহ আনুষঙ্গিক বিষয়াদি অধিকতর পর্যালোচনার জন্য পেট্রোবাংলার পরিচালক (পরিকল্পনা)-কে দায়িত্ব প্রদানসহ প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি পরীক্ষা-নিরীক্ষান্তে প্রাপ্তব্য সুপারিশ/মতামতের আলোকে বিষয়টি পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপনের জন্য নির্দেশ প্রদান করা হয়। পর্ষদের উক্ত নির্দেশনার প্রেক্ষিতে, পেট্রোবাংলা পর্যায়ে গঠিত কমিটি প্রস্তাবিত ডিপিপি'তে বিদেশি কোম্পানি কর্তৃক খননতব্য ৪টি কূপের জন্য খনন অপারেশন সার্ভিসেস, তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা, পণ্যের ভাড়া ও পরিবহন ব্যয়, কনসালটেন্সি ও খনন মালামাল আইটেমসমূহের ব্যয় প্রাক্কলন ২০১৪ সালে বিজিএফসিএল-এর সাথে সিনোপেক এর সম্পাদিত চুক্তিমূল্যের উপর ভিত্তি করে বছরওয়ারী ৫% হারে বৃদ্ধির বিষয়টি বিজিএফসিএল কর্তৃক পুনঃবিবেচনা এবং এসব খাতের ব্যয় প্রাক্কলন পুনঃনির্ধারণ করার জন্য সুপারিশ সংবলিত প্রতিবেদন গত ১৫.০৩.২০২২ তারিখে বিজিএফসিএল বরাবর প্রেরণ করে। তাছাড়া, কমিটি এসজিএফএল/বাপেক্স কর্তৃক সম্প্রতি ক্রয়কৃত প্রসেস প্লান্টের মূল্যের উপর ভিত্তি করে বিজিএফসিএল এর প্রস্তাবিত প্রসেস প্লান্ট এর ব্যয় পুনঃপ্রাক্কলন করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করে।

সভাকে আরও অবহিত করা হয় যে, পেট্রোবাংলার সুপারিশের আলোকে ২০১৪ সালে বিজিএফসিএল-এর সাথে সিনোপেক এর সম্পাদিত চুক্তিমূল্যের উপর ভিত্তি করে বছরওয়ারি ২-৪% হারে বৃদ্ধি ধরে ৪টি কূপের জন্য খনন অপারেশন সার্ভিসেস খাতে ৩২৭০০.০০ লক্ষ টাকার স্থলে ৩২০০০.০০ লক্ষ টাকা, তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা খাতে ৪৩৪০০.০০ লক্ষ টাকার স্থলে ৪২১০০.০০ লক্ষ টাকা, খনন ও ওয়ার্কওভার মালামাল খাতে ১৩৮০০.০০ লক্ষ টাকার স্থলে ১৩৫০০.০০ লক্ষ টাকা, কনসালটেন্সি খাতে ৪৪৫০.০০ লক্ষ টাকার স্থলে ৩৬৫০.০০ লক্ষ টাকা ব্যয় পুনঃপ্রাক্কলন করা হয়েছে। কামতা ফিল্ডে প্রসেস প্লান্ট স্থাপনের লক্ষ্যে পেট্রোবাংলার সুপারিশের আলোকে বাপেক্স কর্তৃক ২০২১ সালে ক্রয়কৃত ৬০ মিলিয়ন ঘনফুট ক্ষমতাসম্পন্ন প্রসেস প্লান্টের মূল্যকে ভিত্তি ধরে ৩০ মিলিয়ন ঘনফুট ক্ষমতাসম্পন্ন প্রসেস প্লান্টের মূল্য Cost-capacity method with the rule of six-tenths ফরমূলার মাধ্যমে নির্ণিত মূল্য হতে বছরওয়ারি ৪-৫% বৃদ্ধি করে ৭০০০.০০ লক্ষ টাকার স্থলে ৬০০০.০০ লক্ষ টাকা ব্যয় পুনঃপ্রাক্কলন করা হয়। তাছাড়া, পণ্যের ভাড়া ও পরিবহন ব্যয়, Lost in hole of equipment (যদি হয়), মূল্য সংযোজন কর (এআইটি/আইটিসহ), ব্যাংক চার্জ, প্রাকজাহাজিকরণ পরিদর্শন ফি ইত্যাদি খাতের ব্যয় হ্রাস করে ৬৮৪তম পর্ষদ সভায় উপস্থাপিত ডিপিপি'র প্রাক্কলিত ব্যয় হতে ৪৯০০.০০ লক্ষ টাকা হ্রাস করে ১৭০০০০.০০ লক্ষ টাকার স্থলে ১৬৫১০০.০০ লক্ষ টাকা পুনঃপ্রাক্কলন করা হয়েছে।

সভাকে এ মর্মে অবহিত করা হয় যে, P. T. AVLAU, Indonesia কোম্পানি কর্তৃক তৈরি হবিগঞ্জ ফিল্ডে ১৯৮১ সালে স্থাপনকৃত ৪০ বৎসরের অধিক পুরাতন ও ব্যবহৃত ২নং প্রসেস প্লান্টটি হবিগঞ্জ ফিল্ড হতে কামতা ফিল্ডে স্থাপন করে গ্যাস প্রক্রিয়াকরণ উপযোগী করার জন্য তিতাস, বাখরাবাদ ও নরসিংদী ফিল্ড হতে বেশ কিছু ইক্যুইপমেন্ট স্থানান্তরসহ আরও কিছু ইক্যুইপমেন্ট ক্রয়পূর্বক কামতা ফিল্ডে স্থাপন করার প্রয়োজন হবে। তাছাড়া, নতুনভাবে ওয়েস্ট ওয়াটার ট্রিটমেন্টের জন্য একটি Effluent Treatment Plant (ETP), অগ্নি নিরাপত্তার জন্য হাইড্রেন্ট সিস্টেম, প্রসেস প্লান্ট পরিচালনার নিমিত্ত সার্বক্ষনিক বিদ্যুৎ সরবরাহের জন্য জেনারেটর স্থাপন করা প্রয়োজন হবে।

তাছাড়া, প্রসেস প্লান্টসহ অন্যান্য ফিল্ড হতে বেশ কিছু পুরাতন/ব্যবহৃত ইক্যুইপমেন্ট স্থানান্তরপূর্বক স্থাপন করতে হবে বিধায় উক্ত পুরাতন প্রসেস প্লান্টটির মাধ্যমে গ্যাস প্রক্রিয়াকরণে ঘন ঘন বিঘ্ন সৃষ্টি হতে পারে। এ সকল দিক বিবেচনায় কামতা ফিল্ডের উৎপাদিত গ্যাস প্রক্রিয়াকরণের জন্য পুরাতন/ব্যবহৃত প্রসেস প্লান্ট Re-Locate করার পরিবর্তে আনুষঙ্গিক সুবিধাদিসহ ৩০ মিলিয়ন ঘনফুট ক্ষমতাসম্পন্ন নতুন ১টি প্রসেস প্লান্ট ক্রয়পূর্বক স্থাপন করা অধিকতর যুক্তিসঙ্গত হবে।

সর্বিক বিবেচনায়, জিডিএফ ও কোম্পানির অবচয় তহবিল হতে অর্থায়ন বিবেচনা করে বৈদেশিক মুদ্রায় ৯৭৭৫০.০০ লক্ষ টাকাসহ মোট ১৬৫১০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে "তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ, মেঘনা ও কামতা ফিল্ডে ৪টি কূপ খনন এবং ৭টি কূপ ওয়ার্কওভার" শীর্ষক প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করা হয়েছে। আলোচ্য প্রকল্পের উন্নয়ন প্রকল্প ছক/প্রস্তাব (ডিপিপি) প্রণয়নে সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি সংক্রান্ত পরিকল্পনা মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন অক্টোবর, ২০১৬ অনুসরণ করা হয়েছে। প্রকল্পের ক্রয় কার্যক্রম নিম্নোক্ত প্রক্রিয়ার মাধ্যমে সম্পন্ন করা হবে।

<u>আন্তর্জাতিক দরপত্র আহ্বানের মাধ্যমে</u>

- ৪টি কূপ খনন ও ৭ টি কূপ ওয়ার্কওভার সংশ্লিষ্ট যাবতীয় বৈদেশিক মালামাল, তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা সরবরাহসহ ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ (infill well) খননের জন্য বৈদেশিক ঠিকাদার নিয়োগ (মালামালের গুণগত মান নিশ্চিতকরণের লক্ষ্যে বিজিএফসিএল/এসজিএফএল/বাপেক্স-কে খনন ও ওয়ার্কওভার মালামাল সরবরাহ করেছে এমন একাধিক আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন Vendor এর নাম দরপত্র-দলিলে উল্লেখ করা হবে);

- বৈদেশিক পরামর্শক সেবা গ্রহণের লক্ষ্যে EOI ও RFP এর মাধ্যমে পরামর্শক সেবা প্রদানকারী প্রতিষ্ঠান নিয়োগ; এবং

- ঠিকাদার নিয়োগপূর্বক আনুষঙ্গিক সুবিধাদিসহ ১টি ৩০ মিলিয়ন ঘনফুট ক্ষমতাসম্পন্ন প্রসেস প্লান্ট সংগ্রহ, স্থাপন, টেস্টিং ও কমিশনিং।

<u>স্থানীয় দরপত্র আহ্বানের মাধ্যমে</u>

- মালামাল সরবরাহসহ গ্যাস গ্যাদারিং পাইপলাইন নির্মাণের জন্য ঠিকাদার নিয়োগ; এবং
- পূর্ত কাজসহ অন্যান্য কার্যাদি।

<u>বাপেক্সের সাথে চুক্তি সম্পাদন</u>

- ৭টি কূপের ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের নিমিত্ত বাপেক্স-এর সাথে চুক্তি সম্পাদন।

এ পর্যায়ে, পরিচালনা পর্ষদ প্রস্তাবিত প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি'র সার-সংক্ষেপ ও প্রধান অঙ্গসমূহের ব্যয় বিভাজনসহ প্রকল্পটি সফলভাবে বাস্তবায়িত হলে নতুন ৪টি কূপ খনন হতে ৫৫ এমএমসিএফ ও সাময়িকভাবে বন্ধ ৩টি কূপ ওয়ার্কওভার হতে ২৫ এমএমসিএফ গ্যাসসহ অতিরিক্ত দৈনিক মোট ৮০ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস সরবরাহ করা যাবে মর্মে অবহিত হয়। আলোচ্য প্রকল্পের পুনঃগঠিত ডিপিপি'র উপর আলোচনাকালে পর্ষদ চেয়ারম্যান, কোম্পানির বিদ্যমান গ্যাস মার্জিন বিবেচনায় প্রকল্পের আওতায় উৎপাদিতব্য প্রতি ঘনমিটার গ্যাস এবং আমদানিকৃত প্রতি ঘনমিটার এলএনজি'র মূল্যের তুলনামূলক বিশ্লেষণ সম্পর্কে জানতে চান। এতদ্‌প্রেক্ষিতে, সভাকে অবহিত করা হয় যে, আলোচ্য প্রকল্পের আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণের ক্ষেত্রে কোম্পানির বিদ্যমান গ্যাস মার্জিন প্রতি ঘনমিটার ০.৭০৯৭ টাকা ধরা হয়। বর্তমানে দেশে ভোক্তা পর্যায়ে প্রতি ঘনমিটার গ্যাসের মূল্য ৯.৮০ টাকা যা কোম্পানির গ্যাস মার্জিন হতে প্রায় ১৪ গুণ বেশি। তাছাড়া, মার্চ ২০২২ মাসের হালনাগাদ তথ্যানুযায়ী দীর্ঘমেয়াদে এলএনজি আমদানির ক্ষেত্রে প্রতি ঘনমিটার এলএনজি'র খরচ হয় ৩৫.১২ টাকা যা কোম্পানির গ্যাস মার্জিন হতে প্রায় ৫০ গুণ, স্পট মার্কেটে ক্রয়ের ক্ষেত্রে খরচ প্রতি ঘনমিটার ৯৭.০০ টাকা যা কোম্পানির গ্যাস মার্জিন হতে প্রায় ১৩৭ গুণ বেশি। দীর্ঘমেয়াদি ও স্পট ক্রয় বিবেচনায় গড়ে প্রতি ঘনমিটার এলএনজি'র খরচ পড়ে ৮৪.৪৪ টাকা।

সভা আরও অবহিত হয় যে, কোম্পানির বিদ্যমান গ্যাস মার্জিন প্রতি ঘনমিটার ০.৭০৯৭ টাকা বিবেচনায় আলোচ্য প্রকল্পের আওতায় উৎপাদিতব্য দৈনিক ৮০ এমএমসিএফ গ্যাসের মূল্য প্রায় ১৬.০৮ লক্ষ টাকা। অপরদিকে, প্রতি ঘনমিটার ৮৪.৪৪ টাকা হিসেবে দৈনিক ৮০ এমএমসিএফ গ্যাসের মূল্য প্রায় ১৯.১৩ কোটি টাকা। সার্বিক বিবেচনায়, এলএনজি আমদানি মূল্যের তুলনায় প্রস্তাবিত প্রকল্পের আওতায় উৎপাদিতব্য গ্যাসের উৎপাদন ব্যয় কম হবে।

বর্তমানে দেশের ক্রমবর্ধমান গ্যাস চাহিদা এবং এলএনজির উপর নির্ভরতা কমাতে ও অর্থনৈতিক উন্নয়নে গ্যাস উৎপাদন করে জাতীয় গ্রিডে সরবরাহ করা হবে বিবেচনায় জাতীয় স্বার্থে ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ (infill well) খনন এবং বিদ্যমান ৭টি কূপের ওয়ার্কওভার সংবলিত প্রকল্পটি গ্রহণ করা যেতে পারে। এমতাবস্থায়, "তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ, মেঘনা ও কামতা ফিল্ডে ৪টি কূপ খনন এবং ৭টি কূপ ওয়ার্কওভার" শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি বিবেচনা এবং পরবর্তী প্রক্রিয়াকরণের বিষয়টি পরিচালনা পর্ষদের সদয় বিবেচনা ও প্রত্যাশা অনুমোদনের জন্য পেশ করা হয়।

সভা উপস্থাপিত বিষয়টি অবহিত হয় এবং লক্ষ্য করে যে, বিজিএফসিএল-এর ৬৮৪তম পর্ষদ সভার নির্দেশনার অনুবৃত্তিক্রমে পেট্রোবাংলা পর্যায়ে গঠিত কমিটি কর্তৃক "তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ, মেঘনা ও কামতা ফিল্ডে ৪টি কূপ খনন এবং ৭টি কূপ ওয়ার্কওভার" শীর্ষক প্রকল্পের ডিপিপি পরীক্ষা-নিরীক্ষা করে তাদের সুপারিশ সংবলিত প্রতিবেদন দাখিল করা হয়। দাখিলকৃত প্রতিবেদনের সুপারিশের প্রতিফলনে বিজিএফসিএল কর্তৃক আলোচ্য প্রকল্পের ডিপিপি পুনঃপ্রাক্কলন/পুনর্গঠন করা হয়েছে যা পর্ষদের নিকট গ্রহণযোগ্য/যুক্তিযুক্ত বলে প্রতীয়মান হয়। এতদ্‌প্রেক্ষিতে, বর্ণিত প্রকল্পটি গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) ও কোম্পানির অবচয় তহবিল এর অর্থায়নে বাস্তবায়ন অনুমোদনসহ বৈদেশিক মুদ্রায় ৯৭৭৫০.০০ লক্ষ টাকাসহ মোট ১৬৫১০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে আলোচ্য প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি'র পরবর্তী প্রক্রিয়াকরণের বিষয়টি প্রত্যাশা অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

গ) <u>সিদ্ধান্তঃ</u>

পরিচালনা পর্ষদ, "তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ, মেঘনা ও কামতা ফিল্ডে ৪টি কূপ খনন এবং ৭টি কূপ ওয়ার্কওভার' শীর্ষক প্রকল্পের প্রস্তাবিত পুনর্গঠিত ডিপিপি'র বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেঃ

১। "তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ, মেঘনা ও কামতা ফিল্ডে ৪টি কূপ খনন এবং ৭টি কূপ ওয়ার্কওভার" শীর্ষক প্রকল্পটি গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) ও কোম্পানির অবচয় তহবিল এর অর্থায়নে বাস্তবায়ন; এবং

২। বৈদেশিক মুদ্রায় ৯৭৭৫০.০০ লক্ষ টাকাসহ মোট ১৬৫১০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে আলোচ্য প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি'র পরবর্তী প্রক্রিয়াকরণ।

"বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

জরুরি
সীমিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন
(পেট্রোবাংলা)
বাজেট ও মনিটরিং (সদর দপ্তর)
www.petrobangla.org.bd

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০২৭.০৪.০১০.২২.২২৩

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৯
০২ আগস্ট ২০২২

বিষয়: **পেট্রোবাংলার আওতাধীন বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) কর্তৃক নিজস্ব ও জিডিএফ যৌথ অর্থায়নে বাস্তবায়িতব্য "তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ, মেঘনা ও কামতা ফিল্ডে ৪টি কূপ খনন এবং ৭টি কূপ ওয়ার্কওভার" শীর্ষক প্রকল্পের অনুকূলে অর্থ মন্ত্রনালয়ের অর্থ বিভাগের মনিটরিং সেল হতে ছাড়পত্র (লিক্যুইডিটি সার্টিফিকেট) গ্রহনের জন্য তথ্য প্রেরণ।**

সূত্র: বিজিএফসিএল এর পত্র সূত্র নং ২৮.১০.১২১৩.৩০৭.০১.১৫৬.২২ তাং ২১-০৭-২০২২

পেট্রোবাংলার আওতাধীন বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) কর্তৃক নিজস্ব ও জিডিএফ যৌথ অর্থায়নে বাস্তবায়িতব্য "তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ, মেঘনা ও কামতা ফিল্ডে ৪টি কূপ খনন এবং ৭টি কূপ ওয়ার্কওভার" শীর্ষক প্রকল্পের প্রস্তাবিত ডিপিপি অনুযায়ী বাস্তবায়নকাল ১ জুলাই, ২০২২ হতে ৩০ জুন, ২০২৬ এবং প্রাক্কলিত ব্যয় বৈদেশিক মুদ্রায় ৯৯,৩৫০.০০ (নিরানব্বই হাজার তিনশত পঞ্চাশ) লক্ষ টাকাসহ সর্বমোট ১,৬৫,১০০.০০ (এক লক্ষ পয়ষট্রি হাজার একশত) লক্ষ টাকা। বর্ণিত প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্ত অর্থ বিভাগের মনিটরিং সেল হতে ছাড়পত্র (লিক্যুইডিটি সার্টিফিকেট) গ্রহণ করা প্রয়োজন। সে অনুযায়ী কোম্পানির প্রস্তাবের পরিপ্রেক্ষিতে নিম্নেবর্নিত তথ্যাদি অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের মনিটরিং সেলের নির্দিষ্ট ফরমেটে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো ঃ

ক্রমিক নং	বিবরন
ক)	প্রস্তাবিত প্রকল্প ছক (ডিপিপি);
খ)	কোম্পানির সর্বশেষ ০৩ (তিন) বছরের নিরীক্ষা প্রতিবেদন;
গ)	কোম্পানির বিগত ০৫ (পাঁচ) বছরের প্রকৃত এবং আগামী ০৫ (পাঁচ) বছরের প্রক্ষেপিত আয়-ব্যয় বিবরণী, নগদ তহবিল প্রবাহ বিবরণী (সংযুক্ত ছক:১-ক/খ এবং ছক:২) এবং জিডিএফ এর নগদ তহবিল প্রবাহ বিবরণী।
ঘ)	বিগত ০৫ (পাঁচ) বছরে সরকারি কোষাগারে প্রদেয় কোম্পানির অবদান/লভ্যাংশ ও দীর্ঘমেয়াদী ঋণ (ডিএসএল) পরিশোধ বিবরণী (সংযুক্ত ছক:৩);
ঙ)	কোম্পানির ব্যাংক জমা বিবরণী;
চ)	কোম্পানির নিজস্ব অর্থে বাস্তবায়নাধীন প্রকল্পের বিবরনী।
ছ)	ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট;
জ)	প্রস্তাবিত প্রকল্পের উদ্দেশ্য ও যৌক্তিকতা এবং
ঝ)	বিজিএফসিএল এর পরিচালকমন্ডলীর ৬৮৬তম বোর্ড সভার সিদ্ধান্ত।

ঞ)	পেট্রোবাংলার পরিচালকমন্ডলীর ৫৬০তম বোর্ড সভার সিদ্ধান্ত।
ট)	বিজিএফসিএল এর পত্র সূত্র নং ২৮.১০.১২১৩.৩০৭.০১.১৫৬.২২ তাং ২১-০৭-২০২২ (**সংযুক্তি-১**)

বর্ণিতাবস্থায়, পেট্রোবাংলার আওতাধীন বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) কর্তৃক নিজস্ব ও জিডিএফ যৌথ অর্থায়নে বাস্তবায়িতব্য "তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ, মেঘনা ও কামতা ফিল্ডে ৪টি কূপ খনন এবং ৭টি কূপ ওয়ার্কওভার" শীর্ষক প্রকল্পের কার্যক্রম সম্পাদনের জন্য প্রকল্পের অনুকূলে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের মনিটরিং সেল হতে ছাড়পত্র (লিক্যুইডিটি সার্টিফিকেট) সংগ্রহের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

সংযুক্তি : সংযুক্ত তথ্যাদি বাহক মারফত প্রেরিত।

২-৮-২০২২
নাজমুল আহসান
চেয়ারম্যান

সিনিয়র সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০২৭.০৪.০১০.২২.২২৩/১

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৯
০২ আগস্ট ২০২২

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

২-৮-২০২২
নাজমুল আহসান
চেয়ারম্যান

সংযুক্তি-৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
পরিকল্পনা- ১ শাখা
www.emrd.gov.bd

নং- ২৮.০০.০০০০.০৩৬.১৪.০০৭.২২-৭২

তারিখ: ১৪ ভাদ্র, ১৪২৯ / ২৯ আগস্ট, ২০২২

বিষয়: **পেট্রোবাংলার আওতাধীন বাংলাদেশ গ্যাস ফিল্ডস লিমিটেড (বিজিএফসিএল) কর্তৃক জিডিএফ ও কোম্পানির নিজস্ব অর্থায়নে বাস্তবায়িতব্য "তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ, মেঘনা ও কামতা ফিল্ডে ৪টি কূপ খনন এবং ৭টি কূপ ওয়ার্কওভার" শীর্ষক প্রকল্পের অনুকূলে অর্থ বিভাগের মনিটরিং সেল হতে ছাড়পত্র সংগ্রহ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পেট্রোবাংলার আওতাধীন বাংলাদেশ গ্যাস ফিল্ডস লিমিটেড (বিজিএফসিএল) কর্তৃক জিডিএফ ও কোম্পানির নিজস্ব অর্থায়নে বাস্তবায়িতব্য "তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ, মেঘনা ও কামতা ফিল্ডে ৪টি কূপ খনন এবং ৭টি কূপ ওয়ার্কওভার" শীর্ষক প্রকল্পটি নগদ বৈদেশিক মুদ্রায় ৯৯৩৫০.০০ লক্ষ টাকাসহ সর্বমোট ১৬৫১০০.০০ লক্ষ (জিডিএফ ১৫৫৬১০.০০ লক্ষ ও কোম্পানির নিজস্ব অর্থায়ন ৯৪৯০.০০ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ০১ জুলাই, ২০২২ থেকে ৩০ জুন, ২০২৬ মেয়াদে বাস্তবায়নের প্রস্তাব করা হয়েছে। বিজিএফসিএল কর্তৃক জিডিএফ ও কোম্পানির নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত হবে বিধায় প্রকল্পটির অনুকূলে অর্থ বিভাগের ছাড়পত্র (লিক্যুইডিটি সার্টিফিকেট) গ্রহণ করা প্রয়োজন।

৩। এমতাবস্থায়, বিষয়োল্লিখিত প্রকল্পের অনুকূলে নগদ বৈদেশিক মুদ্রায় ৯৯৩৫০.০০ লক্ষ টাকাসহ সর্বমোট ১৬৫১০০.০০ লক্ষ (জিডিএফ ১৫৫৬১০.০০ লক্ষ ও কোম্পানির নিজস্ব অর্থায়ন ৯৪৯০.০০ লক্ষ) টাকার লিক্যুইডিটি সার্টিফিকেট প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং পেট্রোবাংলা হতে প্রাপ্ত নিম্নলিখিত তথ্যাদি এতদসঙ্গে সংযুক্ত করা হলো :

ক) বর্ণিত প্রকল্পের ডিপিপি;
খ) বিজিএফসিএল এর সর্বশেষ ০৩ (তিন) বছরের নিরীক্ষা প্রতিবেদন;
গ) বিজিএফসিএল এর বিগত ০৫ (পাঁচ) বছরের প্রকৃত এবং আগামী ০৫ (পাঁচ) বছরের প্রক্ষেপিত আয়-ব্যয় বিবরণী এবং নগদ তহবিল প্রবাহ বিবরণী;
ঘ) বিজিএফসিএল এর বিগত ০৫ (পাঁচ) বছরে সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার অবদান/লভ্যাংশ ও দীর্ঘমেয়াদী ঋণ (ডিএসএল) পরিশোধ বিবরণী;
ঙ) বিজিএফসিএল এর ব্যাংক জমা হিসাব বিবরণী;
চ) ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট;
ছ) প্রস্তাবিত প্রকল্পটির যৌক্তিকতাসহ সার-সংক্ষেপ;
জ) নিজস্ব অর্থে বাস্তবায়নাধীন প্রকল্পে বিনিয়োগ সংক্রান্ত তথ্য (সংযুক্ত ছক-১ মোতাবেক);
ঝ) জিডিএফ ক্যাশ ফ্লো স্টেটমেন্ট
ট) জিডিএফ অর্থায়নে বাস্তবায়িতব্য প্রকল্পসমূহের তালিকা।

২৯.০৮.২০২২

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোঃ হাসানুজ্জামান)
উপসচিব
ফোনঃ ২২৩৩৮৬৪১৭
ইমেইল: dsplan1@emrd.gov.bd

সিনিয়র সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ. আ. মহাপরিচালক, মনিটরিং সেল)।

সদয় অবগতির জন্য অনুলিপি :

১। চেয়ারম্যান, পেট্রোবাংলা, পেট্রোসেন্টার, ৩ কাওরান বাজার, ঢাকা।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল, পেট্রোবাংলা, পেট্রোসেন্টার, ৩ কাওরান বাজার, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (পরিকল্পনা)/যুগ্মসচিব (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

F:\ZOBAYER\Titas 4 drilling & 7 Workover\forwading.docx

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

ব্রাহ্মণবাড়িয়া-৩৪০০

ভার্চ্যুয়াল প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ২৮ নভেম্বর ২০২২ (১৩ অগ্রহায়ণ ১৪২৯), সোমবার, বিকাল ০৪ : ০০ ঘটিকায় অনুষ্ঠিত বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড-এর পরিচালকমন্ডলীর ৬৯৫ তম সভার কার্যবিবরণী।

ভার্চ্যুয়াল সভায় অংশগ্রহণকারী পরিচালকবৃন্দ

চেয়ারম্যান	:	জনাব মোঃ মাহবুব হোসেন সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
পরিচালক	:	জনাব মোঃ হুমায়ুন কবীর অতিরিক্ত সচিব (পরিকল্পনা) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
	:	জনাব এ কে এম বেনজামিন রিয়াজী পরিচালক (অর্থ), পেট্রোবাংলা, ঢাকা।
	:	জনাব আলী ইকবাল মোঃ নূরুল্লাহ্ প্রাক্তন পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা, ঢাকা।
	:	জনাব মোহাম্মদ ফারুক হোসেন যুগ্মসচিব (প্রশাসন-২) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
	:	জনাব মুকতাদির আজিজ প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব (উপসচিব), ঢাকা।
	:	জনাব শাকিল আহমেদ উপসচিব (পরিকল্পনা-১) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
	:	জনাব মোঃ শোয়েব ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া।
সচিব	:	জনাব মোঃ হাবীবুর রহমান কোম্পানি সচিব, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া।

৭৯৭৬ **স্বাগত এবং ধন্যবাদ জ্ঞাপন।**

৬৯৫/২০২২ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অফিস আদেশ নং-২৮.০০.০০০০.০২১.১৯.০০২.১৮.৪৫৬/১, তারিখ : ২৭ অক্টোবর ২০২২ এবং পেট্রোবাংলার পৃষ্ঠাঙ্কন নং-২৮.০২.০০০০.০৭২.০১.০১৫.২২.১৩৯, তারিখ: ৩০ অক্টোবর ২০২২ এর মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব ও পর্ষদের প্রাক্তন পরিচালক মোছাম্মাৎ ফারহানা রহমান-এর স্থলে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন-২) জনাব মোহাম্মদ ফারুক হোসেন-কে পরিচালক হিসেবে মনোনয়ন প্রদান করায় সভার প্রারম্ভে পর্ষদের পক্ষ থেকে তাঁকে স্বাগত জানানো হয় এবং আশা প্রকাশ করা হয় যে, পরিচালনা পর্ষদে তাঁর অন্তর্ভুক্তিতে পর্ষদের কার্যক্রম আরও বেগবান হবে ও কোম্পানির সার্বিক কর্মকান্ড পরিচালনায় তিনি যথাযথ অবদান রাখবেন। নবনিযুক্ত পরিচালক জনাব মোহাম্মদ ফারুক হোসেন সভার কার্যক্রম পরিচালনায় সর্বাত্মক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

৭৯৮২ "তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ, মেঘনা ও কামতা ফিল্ডে ৪টি কূপ খনন এবং ৭টি কূপ ওয়ার্কওভার" শীর্ষক প্রকল্পের আওতায়
৬৯৫/২০২২ ৭টি কূপের ওয়ার্কওভারের লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল সংগ্রহের জন্য প্রণীত আন্তর্জাতিক দরপত্র-দলিল এবং দরপত্র বিজ্ঞপ্তি দৈনিক পত্রিকাসহ পেট্রোবাংলা, সিপিটিইউ ও বিজিএফসিএল-এর ওয়েবসাইটে প্রকাশের অনুমোদন।

ক) উপস্থাপনকারী : প্রকল্প সমন্বয়ক, "তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ, মেঘনা ও কামতা ফিল্ডে ৪টি কূপ খনন এবং ৭টি কূপ ওয়ার্কওভার" প্রকল্প।

উপর্যুক্ত প্রকল্পের আওতায় ৭টি কূপের ওয়ার্কওভারের লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল সংগ্রহের জন্য প্রণীত আন্তর্জাতিক দরপত্র-দলিল এবং দরপত্র বিজ্ঞপ্তি দৈনিক পত্রিকাসহ পেট্রোবাংলা, সিপিটিইউ ও বিজিএফসিএল-এর ওয়েবসাইটে প্রকাশের বিষয়টি পরিচালনা পর্ষদের সদয় বিবেচনা ও অনুমোদনের জন্য পেশ করা হয়।

খ) আলোচনাঃ

আলোচনাকালে সভাকে অবহিত করা হয় যে, জিওবি, গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) ও কোম্পানির নিজস্ব অর্থায়নে প্রস্তাবিত "তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ, মেঘনা ও কামতা ফিল্ডে ৪টি কূপ খনন ও ৭টি কূপ ওয়ার্কওভার" শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্পের আওতায় কার্যসমূহ সম্পাদনের জন্য স্থানীয় মুদ্রায় ৬৫৭,৫০.০০ লক্ষ টাকা এবং বৈদেশিক মুদ্রায় ৯৯৩,৫০.০০ লক্ষ টাকাসহ সর্বমোট ১,৬৫১,০০.০০ লক্ষ টাকা প্রাক্কলন করে ডিপিপি প্রণয়ন করা হয়েছে যার বাস্তবায়ন মেয়াদকাল জুলাই, ২০২২ হতে জুন, ২০২৬ পর্যন্ত বিবেচনা করা হয়েছে। আলোচ্য প্রকল্পের অধীনে ৪টি কূপ খননের জন্য রিগ ফাউন্ডেশন নির্মাণ, খনন মালামাল ক্রয় ও প্রয়োজনীয় তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবাসহ খনন সেবা সংগ্রহ এবং ৭টি কূপের ওয়ার্কওভারের জন্য মালামাল ক্রয়সহ প্রয়োজনীয় তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা এক প্যাকেজের আওতায় সমন্বিত (Integrated) সেবা প্রদানকারী ঠিকাদার নিয়োগের লক্ষ্যে দরপত্র-দলিল প্রণয়ন করে অনুমোদনের নিমিত্ত গত ২৬-১০-২০২২ তারিখে অনুষ্ঠিত বিজিএফসিএল এর ৬৯৪তম পর্ষদ সভায় উপস্থাপন করা হয়। পরিচালনা পর্ষদ, বর্তমান বৈশ্বিক পরিস্থিতিতে বৈদেশিক মুদ্রা সাশ্রয়ের নিমিত্ত আলোচ্য প্রকল্পের আওতায় চলতি অর্থবছরে শুধুমাত্র ৭টি কূপের ওয়ার্কওভারের জন্য মালামাল ক্রয় ও তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা সংগ্রহের জন্য দরপত্র-দলিল প্রণয়ন এবং তদানুযায়ী প্রকল্পের প্রস্তাবিত ডিপিপি'র প্রকিউরমেন্ট প্যাকেজের প্রয়োজনীয় পুনর্বিন্যাস করার জন্য নির্দেশনা প্রদান করে। সে আলোকে বাপেক্সের নিকট হতে ওয়ার্কওভার সেবা গ্রহণ করে ৭টি কূপের ওয়ার্কওভার সম্পাদন করা হবে এবং বর্ণিত কূপসমূহের ওয়ার্কওভারের জন্য নিম্নোক্ত মালামালসমূহের প্রয়োজন হবেঃ

গ্রুপ	বর্ণনা
Group-I	Wellhead & X-mas Tree
Group-II	Mud and Completion Chemicals
Group-III	Packer Milling Tools
Group-IV	Tubing
Group-V	Downhole Completion Equipment
Group-VI	Wellhead Control Panel With Accessories

তাছাড়া, মালামালসমূহ পৃথকভাবে ক্রয়ের জন্য প্রকল্পের প্রস্তাবিত ডিপিপি'র প্রকিউরমেন্ট প্যাকেজে অর্থ বরাদ্দসহ পুনর্বিন্যাস করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। উল্লেখ্য, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর অনুচ্ছেদ-১৬(৫) অনুযায়ী গঠিত কমিটি কর্তৃক এখাতে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় নির্ধারণ করা হয়েছে যা কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নিকট গোপনীয় খামে সীলগালা অবস্থায় সংরক্ষিত আছে।

সভা আরও অবহিত হয় যে, প্রকল্পের আওতায় উপরিল্লিখিত প্রয়োজনীয় ওয়ার্কওভার মালামাল আন্তর্জাতিক দরপত্র আহবানের মাধ্যমে ক্রয়ের লক্ষ্যে আন্তর্জাতিক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র মূল্যায়ন ইত্যাদি সংশ্লিষ্ট কাজ সম্পাদনের নিমিত্ত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর তফসিল-২, বিধি-৮(১) এর আলোকে একটি মূল্যায়ন কমিটি গঠন করা হয়। উক্ত কমিটিতে পিপিআর এর বিধি মোতাবেক বিজিএফসিএল এর বাইরে ২(দুই) জন বহি:সদস্য অন্তর্ভুক্ত রয়েছে। তাছাড়া, সুষ্ঠুভাবে ওয়ার্কওভার কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে উপযুক্ত দরপত্র-দলিল প্রণয়ন এবং দরপত্রদাতাদের দরপত্র (বিশেষ করে কারিগরি দরপত্রের কারিগরি অংশ) যাচাই/বাছাই করার জন্য কমিটিতে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ বাপেক্স হতে এক জন প্রতিনিধিকে সদস্য হিসাবে টেকনিক্যাল সাব-কমিটিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। কমিটি তাদের কার্যপরিধি (টিওআর) অনুযায়ী এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর CPTU কর্তৃক প্রণীত Standard Tender Document (STD) for Procurement of Goods (International) [Open Tendering Method] অনুসরণ করে আন্তর্জাতিক দরপত্র দলিল প্রণয়ন করে। ক্রয়ের সুবিধার্থে ওয়ার্কওভার মালামালসমূহকে নিম্নোল্লিখিত গ্রুপে পুণর্বিন্যাস করে ২টি দরপত্র-দলিলে সন্নিবেশিত করা হয়েছেঃ

আন্তর্জাতিক দরপত্র-দলিল নং BGFCL/D&WP(Mats)/001	
গ্রুপ	বর্ণনা
I	Wellhead & X-mas Tree
II	Mud and Completion Chemicals
III	Packer Milling Tools
আন্তর্জাতিক দরপত্র-দলিল নং BGFCL/ D&WP(Mats)/002	
IV	Tubing
V	Downhole Completion Equipment
VI	Wellhead Control Panel with Accessories

এ পর্যায়ে, কমিটি কর্তৃক প্রণীত আন্তর্জাতিক দরপত্র-দলিলের উল্লেখযোগ্য দিকসমূহ পরিচালনা পর্ষদকে অবহিত করা হয়। উল্লেখ্য, প্রস্তাবিত "তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ, মেঘনা ও কামতা ফিল্ডে ৪টি কূপ খনন ও ৭টি কূপ ওয়ার্কওভার"শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে বৈদেশিক মুদ্রা ৯৯৩,৫০.০০ লক্ষ টাকাসহ মোট ১,৬৫১,০০.০০ লক্ষ টাকা ব্যয় প্রাক্কলন করা হয়েছে। তন্মধ্যে, ৭টি কূপের ওয়ার্কওভারের জন্য প্রয়োজনীয় মালামাল সংগ্রহের লক্ষ্যে প্রাক্কলিত মূল্য থেকে এ ব্যয় নির্বাহ করা হবে। প্রকল্পের ডিপিপি অনুমোদন সাপেক্ষে কারিগরিভাবে কৃতকার্য ও আর্থিকভাবে সর্বনিম্ন দর উদ্ধৃতকারী দরপত্রদাতাকে Notification of Award প্রদান করা হবে। এমতাবস্থায়, আলোচ্য প্রকল্পের আওতায় ৭টি কূপের ওয়ার্কওভারের লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল সংগ্রহের জন্য প্রণীত আন্তর্জাতিক দরপত্র-দলিল এবং দরপত্র বিজ্ঞপ্তি দৈনিক পত্রিকাসহ পেট্রোবাংলা, সিপিটিইউ ও বিজিএফসিএল-এর ওয়েবসাইটে প্রকাশের বিষয়টি পরিচালনা পর্ষদের সদয় বিবেচনা ও অনুমোদনের জন্য পেশ করা হয়।

সভা উপস্থাপিত বিষয়াদি সম্যক অবহিত হয় এবং আলোচ্য প্রকল্পের আওতায় ৭টি কূপের ওয়ার্কওভারের লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল সংগ্রহের জন্য প্রণীত আন্তর্জাতিক দরপত্র-দলিল ২টি এবং দরপত্র বিজ্ঞপ্তি দৈনিক পত্রিকাসহ পেট্রোবাংলা, সিপিটিইউ ও বিজিএফসিএল-এর ওয়েবসাইটে প্রকাশের বিষয়টি অনুমোদন করে। তাছাড়া, বর্ণিত ৪টি কূপ খনন জিওবি অর্থায়নে ও ৭টি কূপের ওয়ার্কওভার কাজ গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) এর অর্থায়নে বাস্তবায়িত হবে বিধায় প্রকল্পের নাম পরিবর্তনপূর্বক খনন ও ওয়ার্কওভার কাজের জন্য পৃথক পৃথক ডিপিপি প্রণয়ন করার পরামর্শ প্রদান করে। সে আলোকে সভায় আলোচ্য প্রকল্পের কাজ চলমান রেখে গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) এর অর্থায়নে ৭টি কূপের ওয়ার্কওভারের জন্য বিদ্যমান প্রকল্পের নাম পরিবর্তন করে "তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৭টি কূপ ওয়ার্কওভার" নির্ধারণপূর্বক ডিপিপি প্রণয়ন করার নির্দেশনা প্রদান করা যেতে পারে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

গ) সিদ্ধান্তঃ

পরিচালনা পর্ষদ, বর্ণিত ৭টি কূপের ওয়ার্কওভারের লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল সংগ্রহের লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেঃ

১। প্রস্তাবনা অনুযায়ী ৭টি কূপের ওয়ার্কওভারের লক্ষ্যে প্রয়োজনীয় ৬টি গ্রুপের ওয়ার্কওভার মালামাল যথা: Tubing, Downhole Completion Equipment, Wellhead & X-mas Tree, Wellhead Control Panel with Accessories, Mud and Completion Chemicals ও Packer Milling Tools ক্রয়ের জন্য প্রণীত দরপত্র- দলিল ২টি এবং দরপত্র বিজ্ঞপ্তি দৈনিক পত্রিকাসহ পেট্রোবাংলা, সিপিটিইউ ও বিজিএফসিএল-এর ওয়েবসাইটে প্রকাশের বিষয়টি অনুমোদন; এবং

২। বর্ণিত ৪টি কূপ খনন জিওবি অর্থায়নে ও ৭টি কূপের ওয়ার্কওভার কাজ গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) এর অর্থায়নে বাস্তবায়িত হবে বিবেচনায় খনন ও ওয়ার্কওভার কাজের জন্য পৃথক পৃথক ডিপিপি প্রণয়ন করা হবে বিধায় বর্তমানে শুধুমাত্র ৭টি কূপের ওয়ার্কওভার কাজ বাস্তবায়নে প্রকল্পের কাজ চলমান রেখে গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) এর অর্থায়নে বিদ্যমান প্রকল্পের নাম পরিবর্তন করে "তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৭টি কূপ ওয়ার্কওভার" নির্ধারণপূর্বক ডিপিপি প্রণয়ন করার নির্দেশনা প্রদান করে।